

## 💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১১২. দূর্গন্ধযুক্ত কোন বস্তু যেমন: কাঁচা পিয়াজ, রসুন, বিড়ি, সিগারেট, হুঁকো ইত্যাদি খেয়ে বা পান করে সরাসরি মসজিদে চলে আসা

দূর্গন্ধযুক্ত কোন বস্তু যেমন: কাঁচা পিয়াজ, রসুন, বিড়ি, সিগারেট, হুঁকো ইত্যাদি খেয়ে বা পান করে সরাসরি মসজিদে চলে আসা আরেকটি কবীরা গুনাহ ও হারাম কাজ।

'উমর (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন:

ثُمَّ إِنَّكُمْ، أَيُّهَا النَّاسُ! تَأْكُلُوْنَ شَجَرَتَيْنِ لَا أَرَاهُمَا إِلاَّ خَبِيْثَتَيْنِ، هَذَا الْبَصلَ وَالثُّوْمَ، لَقَدْ رَأَيْتُ رَسُوْلَ اللهِ إِذَا وَجَدَ رِيْحَهُمَا مِنَ الرَّجُل فِيْ الْمَسْجِدِ أَمَرَ بِهِ فَأُخْرِجَ إِلَى الْبَقِيْع، فَمَنْ أَكَلَهُمَا فَلْيُمِتْهُمَا طَبْخًا.

"হে লোক সকল! তোমরা দুর্গন্ধময় দু'টি উদ্ভিদ খাচ্ছো যা পিয়াজ ও রসুন। আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে দেখেছি, তিনি কারোর নিকট থেকে মসজিদে থাকাবস্থায় এমন গন্ধ পেলে তাকে মসজিদ থেকে বের করে বকী'তে পাঠিয়ে দিতেন। অতএব কেউ তা খেতে চাইলে সে যেন তা পাকিয়ে খায়"। (মুসলিম ৫৬৭) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরো বলেন:

مَنْ أَكَلَ مِنْ هَذِهِ الشَّجَرَةِ الْمُنْتِنَةِ فَلَا يَقْرَبَنَّ مَسْجِدَنَا، فَإِنَّ الْمَلَائِكَةَ تَأَذَّى مِمَّا يَتَأَذَّى مِنْهُ الْإِنْسُ.
"যে ব্যক্তি এ দুর্গন্ধময় উদ্ভিদ খেলো সে যেন আমাদের মসজিদের নিকটও না ঘেঁষে। কারণ, ফিরিশ্তাগণ এমন
বস্তু কর্তৃক কন্তু পায় যা কর্তৃক কন্তু পায় মান্ষগণ। (মুসলিম ৫৬৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6788

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন